



চট্টগ্রাম শুক্রবার ২৬ নভেম্বর ২০২১

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা






রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৬তম বর্ষ ২৭৫তম সংখ্যা।। ১১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ।। ২০ রবিউস সানি ১৪৪৩ হিজরি।। Friday 26 November 2021।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*আইআইইউসি'র এমবিএ ও এমবিএম ওরিয়েন্টশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ*

### *ওরিয়েন্টশন প্রোগ্রামে আইআইইউসি ভিসি*

# শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধের চেতনা প্রতিষ্ঠা করতে হবে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মুক্তিযুদ্ধের চেতনা সুপ্রতিষ্ঠা করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হলে প্রজন্মের পর প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে উঠবে। গত বুধবার (২৪ নভেম্বর) রাত আটটায় হোটেল আগ্রাবাদের বলরুমে আইআইইউসি'র এমবিএ ও এমবিএম শিক্ষার্থীদের ওরিয়েন্টশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। আইআইইউসি'র ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ এমদাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আইআইইউ-সি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রি-জিয়া সুলতানা চৌধুরী, ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী ও ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। অতিথির বক্তব্য রাখেন আইআইইউ-সি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। স্বাগত বক্তব্য রাখেন এমএম-বিএ ও এমবিএম প্রোগ্রাম কোঅর্ডিনেটর ড. আবদুল্লাহিল মামুন। সংবর্ধিত অতিথির রাখেন আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম. আজিম। উপস্থিত ছিলেন আজিম গ্রুপের এক্সিকিউটিভ ডিরেক্টর অনুপ বরণ দাশ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের এসোসিয়েট প্রফেসর ড. এ. এম. শাহাবুদ্দিন সোহেল।

অনুষ্ঠানে উদ্যোক্তা এওয়ার্ড প্রাপ্ত অতিথি আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম. আজিমকে ক্রেস্ট প্রদান করেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 26 November 2021, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-11-26

শুক্রবার
চট্টগ্রাম
২৬ নভেম্বর ২০২১
১১ অগ্রহায়ণ ১৪২৮
২০ রবিউস সানি ১৪৪৩
বর্ষ-৯, সংখ্যা-৩৩৪

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

▶ শুভ সকাল
বাণিজ্য বাড়াতে ফ্রান্স ও যুক্তরাজ্যের সাথে ৬ চুক্তি

▶ দশ কথার এক কথা
দুর্বল গণতন্ত্রের দেশগুলোকে ডেকেছে যুক্তরাষ্ট্র : পররাষ্ট্রমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

▶ চট্টগ্রামে শনাক্ত মৃত্যু
১,০২,৩৭৩ ১,৩৩১

▶ শেষ পাতায়
বাংলাদেশ-পাকিস্তান প্রথম টেস্ট শুরু আজ



ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য দেন ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

### ওরিয়েন্টেশনে আইআইইউসি ভিসি

# শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মুক্তিযুদ্ধের চেতনা সুপ্রতিষ্ঠা করতে হবে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মুক্তিযুদ্ধের চেতনা সুপ্রতিষ্ঠা করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হলে প্রজন্মের পর প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে উঠবে। তিনি আইআইইউসি'র এমবিএ ও এমবিএম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বর্তমানে পড়ালেখার সুযোগ অনেক বেশি। সুতরাং অধ্যবসায়ী মনোবৃত্তি তৈরি করে প্রচুর জ্ঞানার্জন করতে হবে। উচ্চশিক্ষা এখন অনেক উচ্চে চলে গেছেন। আমরা এখনো অনেক পিছিয়ে আছি। অর্জিত জ্ঞান বাস্তবক্ষেত্রে কাজে লাগে এমন পাঠদান নিশ্চিত করতে হবে।

২৪ নভেম্বর রাত আটটায় হোটেল আগ্রাবাদ এর বলরুমে আইআইইউসি'র এমবিএ ও এমবিএম শিক্ষার্থীদের ওরিয়েন্টশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আইআইইউসি'র ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ এমদাদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী, ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী ও ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। অতিথির বক্তব্য দেন আইআইইউসি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। স্বাগত বক্তব্য দেন এমবিএ ও এমবিএম প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. আবদুল্লাহিল মামুন। সংবর্ধিত অতিথির বক্তব্য দেন আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম আজিম। উপস্থিত ছিলেন আজিম গ্রুপের এক্সিকিউটিভ ডিরেক্টর অনুপ বরণ দাশ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের এসোসিয়েট প্রফেসর ড. এ এম শাহাবুদ্দিন সোহেল। অনুষ্ঠানে উদ্যোক্তা এওয়ার্ডপ্রাপ্ত অতিথি আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম আজিমকে ক্রেস্ট প্রদান করেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। ওরিয়েন্টশন প্রোগ্রামে গেস্ট অব অনার এবং আইআইইউসি ওয়ার্ড প্রাপ্ত অতিথি ফারহান এম আজিম পুরস্কার প্রাপ্তির অনুভূতি ব্যক্ত করতে গিয়ে আইআইইউসি'র একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের প্রশংসা করে এই বিশ্ববিদ্যালয় অনেক দূর এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 26 November 2021, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?date=26-11-2021&page=2

# নয়া দিগন্ত

www.dailynayadiganta.com • www.enayadiganta.com • facebook.com/nayadiganta

শুক্রবার
ঢাকা, ১১ অগ্রহায়ণ ১৪২৮
২৬ নভেম্বর ২০২১

মূল্য ১০ টাকা




আইআইইউসির ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

## জেদ্দা রিয়াদ মদিনা রুটে ফ্লাইট চালাবে ইউএস-বাংলা

● নিজস্ব প্রতিবেদক

বেসরকারি বিমান পরিবহন সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স এভিয়েশন মার্কেটে করোনা-পরবর্তী সময়ে নানাবিধ চ্যালেঞ্জ মোকাবেলার প্রস্তুতি নিতে যাচ্ছে। সেই লক্ষ্য মধ্যপ্রাচ্যের অন্যতম দেশ সৌদি আরবের জেদ্দা, রিয়াদ, মদিনা ও দাম্মাম প্রবাসী বাংলাদেশীদের সেবা দেয়ার লক্ষ্য আগামী ■ ৪র্থ পৃ: ১-এর কলামে



## শিক্ষার্থীদের প্রকৃত জ্ঞানার্জন করতে হবে

### আইআইইউসি ভিসি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ভাইস-চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে মুক্তিযুদ্ধের চেতনা সুপ্রতিষ্ঠা করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালিত হলে প্রজন্মের পর প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে উঠবে। তিনি আইআইইউসির এমবিএ ও এমবিএম শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, বর্তমানে পড়ালেখার সুযোগ অনেক বেশি। সুতরাং অধ্যবসায়ী মনোবৃত্তি তৈরি করে প্রচুর জ্ঞানার্জন করতে হবে। তিনি বলেন, উচ্চশিক্ষা এখন অনেক উচ্চে চলে গেছেন। আমরা এখনো অনেক পিছিয়ে আছি। অর্জিত জ্ঞান বাস্তবক্ষেত্রে কাজে লাগে এমন পাঠদান নিশ্চিত করতে হবে।

গত বুধবার রাতে হোটেল আগ্রাবাদের বলরুমে আইআইইউসির এমবিএ ও এমবিএম শিক্ষার্থীদের ওরিয়েন্টশন ■ ৪র্থ পৃ: ৬-এর কলামে

Ref: Daily Nayadiganto, Date: 26 November 2021, Page: 3, Col: 1
http://www.enayadiganta.com/index.php?archive=26-11-2021